আলমডাঙ্গায় ৬ মাসের সাজাপ্রাপ্ত পলাতক আসামি গ্রেপ্তার

আলমডাঙ্গা থানা পুলিশ অভিযান চালিয়ে কলেজ পাড়া থেকে ৬ মাসের সাজাপ্রাপ্ত পলাতক আসামি ঝন্টু বিশ্বাসকে গ্রেপ্তার করেছে।

গতকাল বেলা ১১টার দিকে থানা অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমানের নেতৃত্বে এস আই জিয়াউর রহমান ও এ এস আই হামিদুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ আলমডাঙ্গা কলেজ পাড়ার মৃত নরেন্দ্র কুমার বিশ্বাসের ছেলে ঝন্টু বিশ্বাসকে তার বাড়ি থেকে আটক করেছে।

তার বিরুদ্ধে ৬ মাসের সাজা, ১ টি জিআর সহ মোট ৬টি ওয়ারেন্ট ভুক্ত মামলা আছে। ঝন্টু বিশ্বাসকে আজ চুয়াডাঙ্গা আদালতে সোপর্দ করা হবে।

- আলমডাঙ্গা প্রতিনিধি

২ দোকান মালিককে ১০ হাজার টাকা জরিমানা

জেলা নির্বাহি ম্যাজিষ্ট্রেট অভিযান চালিয়ে আলমডাঙ্গার পৃথক স্থানে ২ দোকান মালিককে ১০ হাজার টাকা জরিমানা করেছে। গতকাল মঙ্গলবার বিকাল ৪ টার দিকে এই অভিযান পরিচালনা করেন।

জানাগেছে, আলমডাঙ্গা পৌর এলাকার বন্ডবিলে লাইসেন্স বিহীন দীর্ঘদিন ধান-গম ও পাটের গোডাউন ব্যাবসা চালিয়ে যাচ্ছে ষ্টেশনপাড়ার মৃত-ফারুক হোসেনের ছেলে ইকরামুল কবির। ধান-গম ক্রয়ের ব্যবহৃত প্লাস্টিকের বস্তা ব্যবহার করছে। এমন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা জেলা নির্বাহি ম্যাজিষ্ট্রেট আমজাদ হোসেনের গোডাউনে অভিযান চালায়। এসময় একরামুল কবিরের দোকানের লাইসেন্স

না থাকায় ৫ হাজার টাকা জরিমানা এবং অনাদায়ে ২০ দিনের জেল প্রদান করে।

অপর দিকে, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের মুন্সিগঞ্জ বাজারে আব্দুর রহিম দোকানে পাটের বস্তা বিহীন প্লাস্টিক বস্তা ব্যবহার করা অভিযোগ পায় জেলা পাট অধিদপ্তর।
জেলা পাট অধিদপ্তরের সহযোগিতায় গতকাল মঙ্গলবার সকাল ১১ টার দিকে নির্বাহি ম্যাজিষ্ট্রেট পপি খাতুন অভিযান পরিচালনা করেন।

এসময় দোকান মালিক জেহালা গ্রামের সিরাজুল ইসলামের ছেলে আব্দুর রহিমকে পাটের বস্তা বিহীন প্লাস্টিক বস্তা ব্যবহার আইনে তাকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়।
পৃথক দুই অভিযানে জেলা পাট অধিদপ্তরের মূখ্য পরিদর্শক সৈয়দ আলাউদ্দিন উপস্থিত ছিলেন।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় কর্মসৃজন কাজ পরিদর্শন করেন উপজেলা চেয়ারম্যান ও ইউএনও

আলমডাঙ্গা উপজেলার ডাউকি, কুমারী, বেলগাছি সহ বেশ কয়েকটি ইউনিয়নের কর্মসৃজন কাজ পরিদর্শন করেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন ও উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী।

গতকাল বেলা ১০টার দিকে ডাউকি ইউনিয়নের কাজ পরিদর্শন করেন, এ সময় ইউপি চেয়ারম্যান, উপজেলা প্রকল্প কর্মকর্তা এনামুল হক, ইউপি মেম্বার সহ কাজের লেবার গন উপস্থিত ছিল।

এর পর কুমারী ইউনিয়নে কাজ পরিদর্শন করেন, পরিদর্শন কালে উপজেলা চেয়ারম্যান জিজ্ঞাসা করেন কর্মসৃজন কাজে মোট কতজন লেবার লাগার কথা, যে কয়জন লেবার উপস্থিত ছিলেন তারা তখন বলেন আমরা জানি না, প্রকল্প কর্মকর্তা কতজন লেবার লাগবে জানালে উপজেলা চেয়ারম্যান

দেখে অবাক হন।

পরে সাংবাদিকদের কাছে দুঃখ প্রকাশ করে বলেন কাজে চুরি করবে সেটা সকলেই জানে, কিন্ত তাই বলে পুকুর চুরি করবে, আপনারা সাংবাদিক আপনারাও বিভিন্ন ইউনিয়নের কাজ দেখেন, প্রকৃত ঘটনা তুলে ধরেন।

তবে ইউএনওর কাছে জিজ্ঞাসা করলে উনি বলেন তুলনা মূলক কাজ চলছে। সবে মাত্র শুরু হয়েছে, কাজ চল্লে জানতে পারব। এখান থেকে বেলগাছি ইউনিয়ন সহ বেশ কয়েকটি ইউনিয়ন পরিদর্শন করেছেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন, উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী, প্রকল্প কর্মকর্তা এনামুল হক।

- আলমডাঙ্গা প্রতিনিধি

কার্পাসডাঙ্গায় গাঁজা সহ দুই জন আটক

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ সুকুমার বিশ্বাসের নির্দেশে মাদক বিরোধী অভিযান হিসাবে কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ এস আই সাইফুল ইসলামের নেতৃত্বে এ এস আই রওশন, সঙ্গীয় ফোর্স কন্সটেবল মিলন, সাইদুরকে নিয়ে গোপন সংবাদের ভিত্তিতে।

গতকাল মঙ্গলবার রাত ৮ টার দিকে কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের সামনে কাঠ মিলের কাছে মাদক বিরোধী সফল অভিযান পরিচালনা করে চন্ডিপুর মাঝপাড়ার আফসারের ছেলে ডালিম(৪০) ও কুড়ুলগাছি পশ্চিমপাড়ার আকবারের ছেলে মহিরুল (৪০) কে ৪ শত গ্রাম গাঁজা সহ আটক করে।

রাতেই তাদের বিরুদ্ধে মাদক দ্রব্য আইনে মামলা সহ দামুড়হুদা মডেল থানায় হস্তান্তর করে কার্পাসডাঙ্গা পুলিশ।

একের পর এক মাদক বিরোধী সফল অভিযান পরিচালনা করায় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ সুকুমার বিশ্বাস, এস আই সাইফুল, এ এস

আই রওশন সহ চৌকস পুলিশ কন্সটেবল মিলন ও সাইদুরকে সাধুবাদ জানিয়েছেন এলাকাবাসী সহ সচেতন মহল।

- কার্পাসডাঙ্গা প্রতিনিধি

দর্শনায় ৩ স্থানে ছিনতাইয়ের ঘটনায় আটক-১

দামুড়হুদা দর্শনায় একই রাতে তিন স্থানে টাকা ও মোবাইল ফোন ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। দামুড়হুদা উপজেলার দর্শনা রেল ক্রসিং ও কেরু মুক্তিযোদ্ধা ক্লাবের সামনের রাস্তায় নামক স্থানে এক দল ছিনতাই কারী কবলে পড়ে আনোয়ার পুরের আবুল বাসার আজাদ ডান হাতের বৃদ্ধা আঙ্গুল হারালো সেই সাথে হারালো টাকা ও মোবাইল ।

এই ঘটনায় কেরু আনান্দ রাজারের বিল্লালের ছেলে তুহিন ওরফে তনু
(২৬) কে আটক করা হয়েছে। গত বৃস্পতিবার রাত ১০টার থেকে ভোর তিনটা পর্যন্ত এই তান্ডব চালায় ছিনতাইকারী দল।

পতাক্ষ্যদর্শী থেকে জানাযায়, বৃস্পতিবার ভোর তিনটার সময় দর্শনা আনোয়ার পুরের পিয়ার আলীর ছেলে আবুল বাসার আজাদ ঢাকায় থেকে দর্শনা বাস কাউন্টারে নেমে কোন ভ্যান না পাওয়ায় পাওয়ায় হেটে বাড়ি আসার সময় কেরু মুক্তিযোদ্ধা ক্লাবের সামনে পৌঁছালে পূর্ব থেকে ওঁত পেতে থাকা ছিনতাই কারীদল তাকে গতিরোধ করে।

তারপর বলে যা আছে দিয়ে দে দিতে না চাইলে চাপাতি দিয়ে কোপ দেই। সে হাত দিয়ে ঠেকাতে গেলে ডান হাতের বৃদ্ধা আঙ্গুল কেটে পড়ে যায়। সেই সুযোগে তার পোকেটে থাকা ১২ হাজার টাকা ও টাচ মোবাইল সেট নিয়ে পালিয়ে যায়। পরে রক্তাত অবস্থায় সে বাড়ি গেলে বাড়ির লোকজন তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে ভর্তি করে।

এই মর্মে আবুল বাসার আজাদ বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় ছিনতায়ের মামলা করে। মামলা নং ১৪। একই সময় হাউলী ইউনিয়নের বড় দুধপাতিলা গ্রামের আকবর আলীর ছেলে আব্দুল্লাহ বাস কাউন্টার থেকে

ক্ওাছার আলীর ভ্যান যোগে বাড়ি ফেরার পথে কেরু মুক্তিযোদ্ধ ক্লাবের সামনে ছিনতাই কারীরা তাকে আটকিয়ে টাচ মোবাইল, একটি সোনার আংটি ও ৩৫শত টাকা ছিনিয়ে নিয়ে পালিয়ে যায়।

একই রাতে রাত ১০টার সময় দামুড়হুদা উপজেলার জয়রামপুর গ্রামের তিনজন ভ্যানযোগে বাড়ি ফেরার সময় দর্শনা রেল ক্রসিয়ের নিকট পৌঁছালে ছিনতাই কারীরা তাদের ভ্যান থামিয়ে অস্ত্রের মুখে জিম্মি করে নগদ ২৮শত টাকা ও মোবাইল ছিনিয়ে নেই।

কিছুদিন আগে কেরু মুক্তিযোদ্ধা ক্লাবের সামনে সংগীত একাডেমির ঘরের দরজা ভেঙ্গে তবলা ছেট চুরি হয়ে যায়।পুলিশকে অবহ্যত করলেই কোন কাজ হয়নি।

এলাকাবাসি জানান, দর্শনা কেরু এলাকায় একটি কিশোর গ্রুপ নেশার সাথে জড়িয়ে গেছে। শিল্প নগরী এলাকায় এমন ধরণের কর্মকান্ড কোন ভাবেই কাম্য নই। পুলিশ একটু ততপর হলে এটা রোধ করা সম্ভব।

দর্শনা তদন্ত কেন্দের এস আই মাহাবুবর রহমান জানান, এমন ঘটনা ঘটার পর থেকে অভিযান অব্যহত রয়েছে । সেই সাথে তুহিন নামের একজনকে আটক করা হয়েছে।
দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত ওসি সুকুমার বিশ্বাস সত্যতা নিশ্চিত করে জানান এমন ঘটনায় ছিনতায়ের একটি মামলা হয়েছে। ছিনতাইকারীদের আটক করা জন্য অভিযান অব্যাহত রয়েছে।

- দর্শনা প্রতিনিধি

চুয়াডাঙ্গার কুলপালা গ্রামের মালয়েশিয়া প্রবাসী নাসির উদ্দিনের মৃত্যু

চুয়াডাঙ্গা জেলার কুলপালা গ্রামের নাসির উদ্দিন (৩৫) দীর্ঘদিন যাবৎ মালয়েশিয়ায় প্রবাসে থাকতেন।

সে কুলপালা গ্রামের সাকেন সরদার এর ছোট ছেলে। সংসারের অভাবের কারণে ৩-৪ বছর আগে মালয়েশিয়ায় প্রবাসী গিয়েছিলেন যাতে পরিবারের সচ্ছলতা ফিরে আসে। তার পরিবারের তিনি হাল ধরার মতো একজন ছিলেন।

গত শুক্রবার বিকাল ৪ ঘটিকার সময় মালয়েশিয়ায় কর্তব্যরত অবস্থায় হৃদরোগে আক্রান্ত হয়ে নাসিরুদ্দিন মৃত্যুবরণ করেন।
এই মৃত্যুর খবর গ্রামে পৌঁছালে তার পরিবার ও আত্মীয় স্বজনদের মাঝে শোকের ছায়া নেমে আসে।

নিহতের বড় ভাই জুব্বার সরদার জানান যে, পরিবারের অসুবিধার কারণে আমরা তাকে মালয়েশিয়াতে পাঠাই। যাতে পরিবারের সচ্ছলতা ফিরে আসে। দীর্ঘ চার বছর যাবত সে আমাদের পরিবারের হাল ধরে।

তিনি আরো জানান যে মৃত নাসিরুদ্দিনের দুটি কন্যা সন্তান আছে। তাদের বাবার মৃত্যুর কথা তারা কিছুতেই মেনে নিতে পারছে না। তার একটি মেয়ে অষ্টম শ্রেণীতে আরেকটি মেয়ে ক্লাস তৃতীয় শ্রেণীতে পড়াশোনা করে। পরিবার থেকে জানান মালয়েশিয়া কর্তৃপক্ষ জানিয়েছে লাশ আসতে ২-৩ দিন সময় লাগতে পারে।

- চিৎলা প্রতিনিধি

আলমডাঙ্গা উপজেলা প্রশাসন আয়োজিত দুর্যোগ ব্যাবস্থাপনা কমিটির সভা অনুষ্টিত

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে ঘুর্ণিঝড় বুলবুল এর আঘাত থেকে রক্ষা পেতে প্রস্তুতি মুলক সভা অনুষ্টিত হয়েছে।

উপজেলা নির্বাহী অফিসার মো: আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহম্মেদ ডন। তিনি বলেন ঘুর্ণিঝড় বুলবুল রাত্রে যে কোন সময় আঘাত হানতে পারে, আমাদের উপজেলায় যেহেতু কোন স্থায়ি আশ্রয় কেন্দ্র নেই তাই আমাদের প্রত্যেক ইউনিয়নের ইউনিয়ন পরিষদ, মাধ্যমিক ও

প্রাথমিক স্কুল খোলা রাখার ব্যাবস্থা করতে হবে, সাথে সুকনা খবারের ব্যাবস্থা রাখা জরুরি বলে মনে করেন তিনি।

উপজেলা নির্বাহী অফিসার বলেন আমরা ইতোমধ্যে ইউপি চেয়ারম্যান দের মাধ্যমে তাদের দফাদার দিয়ে গ্রামে ঢোল সহরতের মধ্যমে মানুষকে সচেতনের ব্যাবস্থা করা এবং প্রত্যেক ইউনিয়নে একটি করে মেডিকেল টিম প্রস্ততুত রাখতে উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তাকে অনুরোধ করেছি, তারা এ বিষয়ে সকল প্রস্তুতি আছে বলে জানিয়েছেন এবং প্রত্যেক মসজিদে ইমাম সাহেবদের মাধ্যমে সামাজিক সচেতন করতে অনুরোধ জানান।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু,উপজেলা স্থাস্থ্য ও প.প. কর্মকর্তা ডা. হাদী জিয়াউদ্দিন আহম্মেদ, থানা অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান, চুয়াডাঙ্গা জেলা চেয়ারম্যান সমিতির সভাপতি নুরুল ইসলাম।

উপজেলা প্রকল্প কর্মকর্তা এনামুল হকের উপস্থাপনায় বক্তব্য রাখেন ইউপি চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সহ-সভাপতি আমিরুল ইসলাম মন্টু, ইউপি চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিন, প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহিল কাফি, সিভিল ডিফেন্স অফিসের স্টেশন অফিসার মখলেছুর রহমান, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার, প্রেসক্লাবের সভাপতি ও উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম প্রমুখ।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গার নবাগত ওসির সাথে সাংবাদিকদের সৌজন্য সাক্ষাৎ

আলমডাঙ্গা থানার নবাগত অফিসার ইনচার্জের সাথে আলমডাঙ্গা প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে সৌজন্য মতবিনিময় সভা অনুষ্টিত।

গতকাল সন্ধা ৬ টার দিকে থানা অফিসার ইনচার্জের অফিস কক্ষে মতবিনিময় সভায় আমি আপনাদের সাথে মিলে মিশে সঠিক ভাবে দায়িত্ব পালন করতে চাই। সাংবাদিকরা সমাজের দর্পন, আমাদের কাজ আর আপনাদের কাজের মধ্য কোন তফাত নেই।

তফাত আমি সরকারি চাকুরে, অনেক ক্ষেত্রে আমাদের হাত বাঁধা থাকে, কিন্ত আপনারা স্বাধীন ভাবে কাজ করতে পারেন। আমি এলাকার আইন শৃঙ্খলা, মাদক,বাল্যবিবাহ রোধে আপনাদের সহয়াতা চাই।

অনুষ্টানে প্রেসক্লাবের প্রধান উপদেষ্টা আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন উপস্থিত ছিলেন। তিনি এ সময় বলেন উপজেলা বিভিন্ন দপ্তরে ব্যাপক অনিয়ম, দুর্নিতি হচ্ছে।

আপনারা সাংবাদিক আপনারা যদি সঠিক দায়িত্ব পালন না করেন তা হলে সাধারণ মানুষ কোথায় যাবে,ওসির উদ্দেশ্যে বলেন আপনি একজন সৎ অফিসার হিসেবে দুর্নিতির বিরুদ্ধ অবস্থান নেবেন। বিশেষ করে শিক্ষা অফিসের বিরুদ্ধে কিছু অভিযোগ করেন।

অন্যদের মধ্যে বক্তব্য দেন প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, সহ-সভাপতি রহমান মুকুল, ইউনুস আলী মন্ডল, আবুল কাশেম, শেখ শফিউজ্জামান, যুগ্ম সম্পাদক প্রশান্ত বিশ্বাস, রুনু খন্দকার, সাংগাঠনিক সম্পাদক কে এ মান্নান, অন্যদের মধ্যে উপস্থিত ছিল, প্রচার সম্পাদক শরিফুল ইসলাম রোকন, সাংস্কৃতিক সম্পাদক আতিক বিশ্বাস, নির্বাহী সদস্য তানভীর আহম্মদ সোহেল, গোলাম সরোয়ার সদু, সোহাগ, হাসিবুল। আরও উপস্থিত ছিলেন এস আই জিয়াউর রহমান, এস আই আতিক প্রমুখ।

আলমডাঙ্গা প্রতিনিধি

ঝিনাইদহে ছেলের হাতে মা জখম

ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু উপজেলার ৭ নং রঘুনাথ পুর ইউনিয়নের রঘুনাথ পুর গ্রামের গোলাম রসুলের স্ত্রী সাবেরা (৭০) কে লাঠি দিয়ে আহত করেছে ছেলে পান (৪৫)।

মা সাবেরা খাতুন অসহ যন্ত্রনায় কাতরাছে হরিণাকুন্ডু উপজেলা স্বাস্থ্য সদর হাসপাতালে। তার মাথায় দেওয়া হয়েছে তিনটি সেলাই, মাথা দিয়ে প্রচুর রক্ত ক্ষরণ হয়েছে বলে জানিয়েছে সাবেরা ছোট মেয়ে বীনা।

সাবেরা খাতুন ৪ সন্তানের জননী সাবেরা খাতুন জানাই আমার ছেলেকে অনেক কষ্ট করে মানুষ করেছে আমি কখনো ভাবি নাই ছেলের হাতে আহত হয়ে আজ আমার হাসপাতালে ভর্তি হতে হবে।

সাবেরা খাতুনের ছোট মেয়ে বীনা খাতুন জানাই পান্নু এর আগেও আমার মাকে মেরেছে, এবার পান্নু, তার ছেলে নয়ন(২৬) ও তার স্ত্রী জুলেখা একত্র হয়ে আজ সকাল ৯ টার দিকে রাগে এমন আহত করেছে।
তিনি আরো বলেন আমি নিজে বাদী হয়ে থানায় মামলা করবো, সংবাদ লেখা পর্যন্ত এখনো মামাল রেকর্ড হয় নাই।

- হরিণাকুন্ড প্রতিনিধি

মেহেরপুর ও চুয়াডাঙ্গায় বিএনপির জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালন

৭ই নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবসে মেহেরপুর জেলা বিএনপি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকালে পৌর কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াছ হোসেন, হাফিজুর রহমান হাফি, এম এ কে খায়রুল বাশার, শেখ সাঈদ আহমেদ সহ জেলা অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

চুয়াডাঙ্গা প্রতিনিধি জানান, চুয়াডাঙ্গা জেলা বিএনপির আয়োজনে

জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত হয়েছে।
গতকাল বৃহস্পতিবার বেলা ১১টায় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ চত্বরে আলোচনা সভার আয়োজন করে। চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহŸ◌ায়ক কমিটির সদস্য সিরাজুল ইসলাম মণির সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন একাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের বিএনপি প্রার্থী শরীফুজ্জামান শরীফ।